

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক ১-শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

শিরোনামঃ এমপিওভুক্ত শিক্ষক বদলী নীতিমালা-২০২০

প্রযোজ্যতাঃ

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এনটিআরসিএ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত সহকারী শিক্ষক, প্রদর্শক, প্রভাষক এবং সহকারী অধ্যাপকদের সমলপে ও সমতুল্যে বদলির জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে।

বদলির সময়কালঃ

প্রতিবছর ০১ জানুয়ারী থেকে ৩১ মার্চ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এমপিওভুক্ত শিক্ষকদের বদলির আবেদন আহ্বান, গ্রহণ ও নিষ্পত্তি করবেন। অতঃপর এনটিআরসিএ কর্তৃক শূন্যপদের চাহিদা নিরূপন করা হবে।

বদলির প্রক্রিয়াঃ

৪.১ বদলির সমগ্র প্রক্রিয়া সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন হবে।

৪.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অন-লাইন আবেদনের জন্য উপযুক্ত আবেদন ফরম এবং সফটওয়্যার তৈরী করবে।

বদলির কর্তৃপক্ষঃ

মহাপরিচালক পর্যায়ে বদলির আবেদন নিষ্পত্তি হবে। তিনি প্রয়োজনে এই ক্ষমতা অধস্তন দপ্তরে অর্পন করতে পারবেন।

আবেদন নিষ্পত্তি প্রক্রিয়াঃ

৬.১ মানেজিং কমিটি/পতর্নিং বডি/সম্মতিপত্র/অনাপত্তি পত্রসহ অনলাইনে নিম্নোক্ত মাধ্যমে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরাবর আবেদন করতে হবে।

ক) মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার এবং আঞ্চলিক উপ-পরিচালকের মাধ্যমে আবেদন করবেন।

খ) কলেজ পর্যায়ের শিক্ষকগণ আঞ্চলিক পরিচালকের মাধ্যমে আবেদন করবেন।

৬.২ প্রাপ্ত আবেদনসমূহ মহাপরিচালকের নিকট উপস্থাপনের পূর্বে প্রতিপ্তরে ১৫ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে।

৬.৩ অন-লাইনে প্রাপ্ত আবেদনের তথ্য, পদ, স্কেল ও এমপিওভুক্তির তথ্যাদি যাচাই করে এনটিআরসিএ এর মেধাক্রমের ভিত্তিতে সুপারিশ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে।